



আয়রে ভোলা খেয়াল-খোলা
 স্বপ্নদোলা নাচিয়ে আয়,
 আয়রে পাগল আবোল তাবোল
 মত্ত মাদল বাজিয়ে আয়।
 আয় যেখানে ক্ষ্যাপার গানে
 নাইকো মানে নাইকো সুর।
 আয়রে যেথায় উধাও হাওয়ায়
 মন ভেসে যায় কোন্ সুদূর।
 আয় ক্ষ্যাপা-মন ঘুচিয়ে বাঁধন
 জাগিয়ে নাচন তাধিন্ ধিন্
 আর বেয়াড়া সৃষ্টিছাড়া
 নিয়মহারা হিসাবহীন।
 আজওবি চাল বেঠিক বেতাল
 মাতবি মাতাল রসেতে—
 আয়রে তবে ভুলের ভবে
 অসম্ভবের ছন্দেতে ॥